

আগামী সোমবার ফাজিল অনার্স পরীক্ষার ফল প্রকাশ

অনলাইন ডেক্স



ফাইল ছবি

আগামী সোমবার (১৫ সেপ্টেম্বর) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের
অধীনে পরিচালিত ফাজিল অনার্স পরীক্ষা ২০২৩-এর ফল প্রকাশ
করা হবে। আজ শনিবার বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ
আলী বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা যায়, গত ২৫ মে সারা দেশে অনার্স মাদরাসাগুলোতে
লিখিত পরীক্ষা শুরু হয়ে ২৩ জুন শেষ হয় এবং ২৩ জুলাই
মৌখিক পরীক্ষা শেষ হয়। এ বছর ফাজিল অনার্স পরীক্ষায় প্রায়
১২ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করেন।

পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী বলেন, ‘পরীক্ষা শেষ হওয়ার তিন
মাসের মধ্যে ফল প্রকাশের বাধ্যবাধকতা থাকলেও সবার
সহযোগিতায় মৌখিক পরীক্ষা শেষ হওয়ার এক মাস ২৩ দিনের

মধ্যে ফল প্রকাশ করা হচ্ছে। সেশনজট নিরসনের জন্যই আমরা

দ্রুততম সময়ের মধ্যে ফল প্রকাশের চেষ্টা করছি।'